Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২২শে পৌষ বুধবার ১৩৬০ ইংরাজী 6th Jan, 1954 { ৩২শ সংখ্যা








## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

নূতন বীমা
১৬,৩৮,৭৯,২৯৮৲

| | |
|---|---|
| মোট চল্তি বীমা | ৮৬,৭১,৮৫,০৪০৲ |
| মোট সম্পত্তি | ২২,৭৯,৮৩,০৫৬৲ |
| বীমা ও বিবিধ তহবিল | ১৯,৭৭,৭৬,২৮৭৲ |
| প্রিমিয়ামের আয় | ৩,৯৪,২২,৩৭১৲ |
| দাবী শোধ (১৯৫২) | ৮৮,৮২,২৭১৲ |

*হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।*

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড আফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২২শে পৌষ বুধবার সন ১৩৬০ সাল

## "আপন বুঝে চলো এই বেলা!"

—•—

কথাটি পৌরাণিক গীতাভিনয় "সুরথ-উদ্ধার" নাটকের দিবদাস নামক পাগলের ছদ্মবেশধারী তত্ত্বজ্ঞানসম্পন্ন জনৈক সত্যভাষী কর্ত্তৃক গীত একটী গানের প্রথম পংক্তি অর্থাৎ ধূয়া।

রাজা সুরথ যখন বিষকুম্ভ পয়োমুখ, মিত্রতার আবরণে শত্রুভাবাপন্ন, নিমকহারাম, কৃতঘ্নগণের কুপরামর্শকে সুপরামর্শ ভাবিয়া বিপথগামী হইয়া নিজের সর্ব্বনাশ নিজেই করিতে উদ্যত হইয়াছিলেন, তখন দিবে-পাগলা নামক দিবদাস এই গান গাহিয়া রাজাকে সতর্ক করিয়া দিত। রাজা সুরথ কিন্তু তখন তাহার উপদেশ গ্রহণ না করিয়া শত্রুদের বন্ধু জ্ঞানে তাহাকে শাসনবাক্য প্রয়োগ করিলেও পাগলা গান গাহিয়া হুশিয়ার করিয়া দিতে ভুলিত না। রাজা দণ্ড দিবার ভয় দেখাইলেও দিবে-পাগলা এক একজন নিমকহারাম ষড়যন্ত্রকারীর দিকে অঙ্গুলি দেখাইয়া গাহিত—

আপন বুঝে চলো এই বেলা!
এখন বাস্তু শকুন উড়ছে মাথায় গো—
যুক্তি দিচ্ছে হাড়গেলা।
আপন বুঝে চলো এই বেলা!
এই দেখনা একটি জনা—
সিংহীর-মামা ভোম্বলদাসকে
চিন্‌তে জোয়ায় না—
উনি গর্ত্ত হতে মারছেন উঁকি গো—
বা'র ক'রে লম্বা গলা—
আপন বুঝে চলো এই বেলা!
এই দেখ খেঁকশিয়ালের ছানা—
লেজ গুটায়ে ব'সে যেন
কত কালের পোষমানা—
কোটরে কালপেঁচা ব'সে গো
দিতেছে কতই সলা।
আপন বুঝে চলো এই বেলা!

মাননীয় অমাত্যবর্গের প্রতি এইসব অপমানসূচক মন্তব্য শুনিয়া রাজা সুরথ ক্রুদ্ধ হইয়া দিবদাসকে বলিল—তুমি এখনই আমার রাজসভা পরিত্যাগ কর নচেৎ সমুচিত শাস্তি প্রদান করিব।

দিবদাস সভা ত্যাগ করিবার সময় গাহিল—

সময় বুঝে পাবো যখনি—
এই হাড়গেলার হাড় ভাঙবো সেদিন
মারবো শকুনি
এ সব চিলের ছানার ভাঙবো ডানা গো—
(লাঠি দেখাইয়া) এই দেখ দিবে পাগলার
সাতনলা—
আপন বুঝে চলো এই বেলা!

গান করিতে করিতে দিবে পাগলা রাজধানী ত্যাগ করিয়া চলিল।

কুচক্রীগণের ষড়যন্ত্রে যখন ভ্রান্ত রাজা বিশ্বস্ত সেনাপতিকে কারারুদ্ধ করিবার আদেশ দিলেন, সেনাপতি তখন তাঁহার রাজদত্ত পোষাক পরিত্যাগ করিয়া কয়েদীর পোষাক পরিধান করিতেছেন। দিবে পাগলা হঠাৎ আসিয়া গান ধরিল—

এ তো শুধু পোষাক ছাড়া নয়—
একে একে ছাড়বে সবি
তাইতে করি ভয়—
এখন পূজোর পুরুত চলে গেল গো—
রাজলক্ষ্মী হলেন চঞ্চলা—
আপন বুঝে চলো এই বেলা!

দিবদাসের মত রাজ্যের হিতাকাঙ্ক্ষী শুভানুধ্যায়ীর সতর্কীকরণে রাজা শত্রুগণকে চিনিতে পারিয়া শেষ পর্য্যন্ত রাজ্য উদ্ধার করিতে সক্ষম হইয়াছিলেন।

সদ্য স্বাধীন ভারতের শাসকমণ্ডলীর মধ্যে ছিলেন একজন যিনি নিজের মর্য্যাদা অপেক্ষা সত্যকে গুরুত্ব দিয়া কোন ভুল করিলেই মুক্তকণ্ঠে বলিতে একটুও ইতস্ততঃ না করিয়া বলিতেন—"আই হ্যাভ কমিটেড এ হিমালয়ান ব্লাণ্ডার" অর্থাৎ আমি হিমালয়াকৃতি প্রকাণ্ড ভুল করিয়া ফেলিয়াছি। এই প্রকার নিজের ভুল ত্রুটি স্বীকার করিবার সৎসাহস আর কাহারও আছে বলিয়া আমরা মনে করি না। তবুও প্রতিবেশী রাজ্যের সমরায়োজন বৃদ্ধি করার প্রয়াসকে "ভারতের সীমান্ত রক্ষার দৃঢ়তা" বিশ্বাস না করিয়া, নিজের যাবতীয় "হিমালয়ান ব্লাণ্ডার" ঢাকিয়া রাখিয়াও, অদ্যাবধি যে যে ব্যক্তি কংগ্রেস সম্প্রদায়ে আসল বা নকল কংগ্রেসী সাজিয়া রাজকোষ হইতে কোটি কোটি অর্থ প্লাণ্ডার (Plunder—লুণ্ঠন) করিয়া বা রাজশক্তিকে ভুলপথে চালিত করিয়াছেন, বা করিতে পারেন তাঁহারা যত বড় পদেই অধিষ্ঠিত থাকুন না কেন, যেন ভারতের বর্ত্তমান নিয়ন্তা জহরলালজী এখন হইতে কে আপন, কে পর, বাছাই ও যাচাই করিয়া ভারতের মর্য্যাদা রক্ষা করেন। দিবে পাগলার গানেই তাঁহাকে পুনঃ পুনঃ অনুরোধ করি "আপন বুঝে চলো এই বেলা!"

---

## পশ্চিমবঙ্গকে পরিষ্কার এবং সিদ্ধ চাউল দেওয়া হইবে

### সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় খাদ্য-সচিব জনাব কিদোয়াইএর উক্তি

### ১৯৫৪ সালে ভারত সরকার মোট ৩ লক্ষ ৬০ হাজার টন চাউল সরবরাহ করিবেন

১লা জানুয়ারী—কলিকাতায় ভারত সরকারের খাদ্য-মন্ত্রী জনাব রফি আহমদ কিদোয়াই এক সাংবাদিক সম্মেলনে বলেন যে, ভারত সরকার অতঃপর পশ্চিম বাংলায় যে চাউল সরবরাহ করিবেন তাহা সিদ্ধ এবং পরিষ্কার হইবে। আর ১৯৫৪ সালে ভারত সরকার পশ্চিমবঙ্গ সরকারকে মোট ৩ লক্ষ ৬০ হাজার টন চাউল সরবরাহ করিবেন। তিনি আরও বলেন যে, গম বিনিয়ন্ত্রণের সিদ্ধান্ত অনুযায়ী ভারত সরকার স্থির করিয়াছেন যে বর্তমান জানুয়ারী মাসের মধ্যভাগ হইতে কেন্দ্রীয় শস্য ভাণ্ডার হইতে সরাসরি পশ্চিম বঙ্গের লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ীদিগের নিকট বিদেশাগত গম বিক্রয় করা হইবে এবং পরিমাণ নির্বিশেষে খোলাবাজারে স্বাভাবিক ব্যবসায়ের গতিতে খুচরা গম ও আটা পাওয়া যাইবে।

---

(স্যুটিং)

# সিনে মা—সিনে বাবা



মা—

বেরিয়ে যা বল্‌ছি, ধাপ্পাবাজ! দেশে মুখ দেখানো দায় হলো। মালমার! আজ অবধি কত লোকের সঙ্গে চালাকী কর্‌লি?

বাবা—

তোমার হাতের চা যে খায় সে নিজেকে 'লাকী' (Lucky) মনে করে এই হলো এক চালাকী।

আর আমি তাকে দিন কত সামান্য খরচ করে চা খাইয়ে কিছুদিনের জন্য 'লাক' (Luck) ফিরিয়ে 'লাকী' হই। এই হলো আর এক চালাকী!

—

## ভ্রাম্যমান চক্ষু চিকিৎসালয়

জঙ্গিপুর দাতব্য চিকিৎসালয়ে তিন মাসের জন্য পশ্চিমবঙ্গ সরকারের ভ্রাম্যমান চক্ষু চিকিৎসালয় আসিয়াছে। এতদঞ্চলের রোগিগণ রবিবার ছাড়া প্রত্যহ সকাল ৮ ঘটিকা হইতে ১২ ঘটিকা পর্য্যন্ত বিনা পয়সায় চক্ষু চিকিৎসার সুযোগ গ্রহণ করিতে পারিবেন।

—

## জঙ্গিপুর মহকুমা কৃষি উন্নয়ন ক্ষেত্র

জঙ্গিপুর ফৌজদারী আদালত-গৃহের উত্তর দিকের দুই বিঘা পরিমাণ জমিতে সরকারী কৃষি বিভাগের উদ্যোগে ও তত্ত্বাবধানে বাঁধা কপি, ওল কপি, টম্যাটো ও আলুর চাষ করা হইয়াছে। স্থানীয় গৃহস্থ ও চাষিগণ এইভাবে তরিকরকারী লাগাইলে লাভবান হইতে পারিবেন। চাষের আবশ্যকীয় আধুনিক যন্ত্রপাতি ব্যবহারে কাজের সুবিধা হইবে।

—

## প্রাপ্ত-পত্র

সত্যেন্দ্রনাথ বড়াল জঙ্গিপুর
শিক্ষক, জঙ্গিপুর উচ্চ (মুর্শিদাবাদ)
ইংরাজী বিদ্যালয় তারিখ ৩০শে ডিসেম্বর '৫৩

মাননীয় 'জঙ্গীপুর সংবাদ' পত্রিকার
সম্পাদক মহাশয় সমীপেষু—

প্রিয় মহাশয়—

অনুগ্রহপূর্ব্বক নিম্নলিখিত সংবাদটী আপনার পত্রিকায় প্রকাশ করিলে আনন্দিত হইব।

সশ্রদ্ধ নমস্কার গ্রহণ করিবেন। নিবেদন ইতি—
৩০শে ডিসেম্বর '৫৩

ভবদীয়
সত্যেন্দ্রনাথ বড়াল।

'বর্ত্তমান অবস্থায় ভারতীর সম্পাদক পদে ব্রতী থাকা সম্ভব হইবে না মনে করিয়া আমি উক্ত পদ ত্যাগ করিলাম।'

সত্যেন্দ্রনাথ বড়াল।


## জঙ্গীপুর কলেজ উন্নয়ন লটারী

(গভর্ণমেণ্ট অনুমোদিত)

### টিকিটের মূল্য ১৲ টাকা মাত্র

## অন্যূন এক লক্ষ টাকার

### টিকিট বিক্রয়ের পরিকল্পনা

প্রথম পুরস্কার—দেয় অর্থের শতকরা ৫০ ভাগ
দ্বিতীয় পুরস্কার " " " ২৫ "
তৃতীয় পুরস্কার " " " ৫ "
অতিরিক্ত ২০টী পুরস্কার

প্রতিটী—দেয় অর্থের শতকরা এক ভাগ

আগামী ৪ঠা এপ্রিল বেলা বারটায় জঙ্গীপুর কলেজে প্রকাশ্যভাবে মহকুমা শাসকের তত্ত্বাবধানে ড্রইং হইবে।

টাকা জমা দিবার শেষ তারিখ ২০শে মার্চ '৫৪

সর্ব্বসাধারণের সহানুভূতি প্রার্থনীয়

প্রতি টাকায় দুই আনা কমিশনে সর্ব্বত্র এজেণ্ট নিযুক্ত করা হইবে।

# নোটিশ

এতদ্দ্বারা জানান যাইতেছে যে মুর্শিদাবাদ, কান্দি ও সাগরদিঘী বিধান সভার নির্ব্বাচন কেন্দ্রগুলির এবং মুর্শিদাবাদ ও বহরমপুর লোকসভা নির্ব্বাচন কেন্দ্রগুলির ১৯৫৩ সালে রচিত চূড়ান্ত ভোটার তালিকা প্রস্তুত হইয়াছে। উক্ত মুর্শিদাবাদ কান্দি ও সাগরদিঘী বিধান সভার নির্ব্বাচন কেন্দ্রগুলির উক্ত চূড়ান্ত ভোটার তালিকাগুলি এবং মুর্শিদাবাদ ও বহরমপুর লোকসভার নির্ব্বাচন কেন্দ্রগুলির চূড়ান্ত ভোটার তালিকাগুলি ( ভোটার তালিকা প্রস্তুত করা ) বিষয়ক নিয়মের ১৯নং নিয়মের বিধানমত ১৯৫৩ সালের ২৯শে ডিসেম্বর তারিখে আইনের বিধি মোতাবেক জেলা শাসকের আফিসে, লালবাগ মহকুমা শাসকের আফিসে, কান্দি মহকুমা শাসকের আফিসে ও সাগরদিঘী থানা আফিসে সাধারণের অবগতির জন্য লটকাইয়া দেওয়া হইয়াছে। প্রকাশ থাকে যে উপরিউক্ত ভোটার তালিকাগুলি ঐরূপভাবে ১৫ দিনের জন্য টাঙ্গান থাকিবে।

আরও জানান যাইতেছে যে উপরোক্ত বিধান সভার চূড়ান্ত ভোটার তালিকা এলাকাভুক্ত ইউনিয়ন বোর্ড এবং পৌরসভা কার্য্যালয় সমূহে ২৯শে ডিসেম্বর তারিখে সাধারণের অবগতির জন্য লটকাইয়া দেওয়া হইয়াছে। ইতি ২৯।১২।৫৩

J. C. Talukdar,
District Magistrate Murshidabad.
Electoral Registration Officer,
Murshidabad, Kandi & Sagardighi
Assembly Constituency and
Murshidabad and Berhampur
Parliamentary Constituency.

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৫ই ফেব্রুয়ারী ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

৬১২ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং ঠাকুরদাস দাস দিং দাবি ২৯৷৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে প্রসাদপুর ৬৯ শতকের কাত ৩৷৹ আঃ ১৫৲ খং ১৩৪

৬৩০ খাং ডিঃ ঐ দেং জয়গুননেসা বিবি দাবি ৩০৶৯ মৌজাদি ঐ ৩-২২ শতকের কাত ১৫৸/৩ আঃ ১৫৲ খং ১৪২

৬১০ খাং ডিঃ ঐ দেং দ্বিজপদ চট্টোপাধ্যায় দিং দাবি ৪৫।/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে শিমলা ১-০৯ শতকের কাত ৬৷৶৩ আঃ ৩০৲ খং ৪৮

৬১৩ খাং ডিঃ ঐ দেং আন্নাকালী দেবী দাবি ৫৫/০ মৌজাদি ঐ ১-৬৪ শতকের কাত ৮৷/০ আঃ ৪০৲ খং ৫০

৬১৯ খাং ডিঃ ঐ দেং হালিম সেখ দিং দাবি ৬৪।/৯ মৌজাদি ঐ ৩-১৫ শতকের কাত ২০৲ আঃ ৪০৲ খং ৪৩

৬২৮ খাং ডিঃ ঐ দেং নিভাননী দেবী দাবি ১৮৷৶০ মৌজাদি ঐ ৬৪ শতকের কাত ২।৶২ আঃ ৫৲ খং ৩৬

৬৩৩ খাং ডিঃ ঐ দেং সুকুমার দত্ত দিং দাবি ২৬৸৯ মৌজাদি ঐ ১-১৯ শতকের কাত ৬।৯ আঃ ১৫৲ খং ৫৭

৬১৬ খাং ডিঃ ঐ দেং ইয়াকুব হাজি দাবি ১৯৷০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মথুরাপুর ১-১৩ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ১২২

৬১৭ খাং ডিঃ ঐ দেং সুরেশচন্দ্র সেন দিং দাবি ৪৩৷৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ২-৫২ শতকের কাত ৬৵১১ আঃ ২৫৲ খং ৫৮

৬২৪ খাং ডিঃ ঐ দেং কালীপদ দত্ত দাবি ১৬৸৵৯ মৌজাদি ঐ ৪০ শতকের কাত ১৷৭ আঃ ৫৲ খং ১৩৮

৬২৬ খাং ডিঃ ঐ দেং জানেবাস সেখ দিং দাবি ৩৫৶৬ মৌজাদি ঐ ১-৫৪ শতকের কাত ৯৵০ আঃ ২০৲ খং ৫১

৬২৭ খাং ডিঃ ঐ দেং বিনয়গোপাল ঘোষ ( মাষ্টার ) দাবি ২১।/০ মৌজাদি ঐ ৫৫ শতকের কাত ৩/৩ আঃ ১০৲ খং ৮৫

৬৩৫ খাং ডিঃ ঐ দেং শান্তিলতা দাসী দিং দাবি ৪৭৶৯ মৌজাদি ঐ ১-৪৪ শতকের কাত ৭৸৵ আঃ ২০৲ খং ৯৩

৬২৯ খাং ডিঃ ঐ দেং চন্দ্রচূড় বন্দ্যোপাধ্যায় দাবি ৩১৸৵০ মৌজাদি ঐ ৯১ শতকের কাত ৫৷৵০ আঃ ২০৲ খং ১৯ মধ্যে ২২।১

৬৩২ খাং ডিঃ ঐ দেং অভয়পদ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ২৩/৩ মৌজাদি ঐ ২-০৪ শতকের কাত ৫/৭ আঃ ১৫৲ খং ৩০

৬২০ খাং ডিঃ ঐ দেং ভূপেন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী দিং দাবি ১৩৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ২০ শতকের কাত ১/১ আঃ ৫৲ খং ৭

৬৩৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬৷/৬ মৌজাদি ঐ ১-২৯ শতকের কাত ৪৵১০ আঃ ১৫৲ খং ৮

৬২২ খাং ডিঃ ঐ দেং হরিহর ঘোষাল দিং দাবি ১৮৸৶৬ মৌজাদি ঐ ২-৩৬ শতকের কাত ৭৶২ আঃ ৫৲ খং ২৩

৬২৫ খাং ডিঃ ঐ ... ঐ দাবি ১৮৷৬ মৌজাদি ঐ ১-৬০ শতকের কাত ৬৷৶৯ আ... খং ২২

৬২৩ খাং ডিঃ ঐ দেং বনশোভিনী দেবী দাবি ৪৩।৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৫-৩৫ শতকের কাত ১২৸১০ আঃ ৩০৲ খং ৫৪

৬৩১ খাং ডিঃ ঐ দেং শৈলবালা সেন দাবি ৩৫৻৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলড়ী ৪-৭৩ শতকের কাত ১৯৷০ আঃ ২০৲ খং ৩৮

২৮ মনি ডিঃ রবজান বিবি দেং সত্যেন্দ্রনাথ দাস দাবি ১৬৷/৬ থানা সুতী মৌজে হিলোড়া ৪০ শতক জমির ½ অংশে ৮ শতকের কাত ৷৶০ আঃ ১০৲ খং ২৫৮৫

৮১ মনি ডিঃ আবদুল রাজ্জাক বিশ্বাস দেং যশোদানন্দন দত্ত দাবি ৫২৫।৯ থানা সুতী মৌজে ফতেউল্লাপুর ৭১ শতকের অর্দ্ধাংশ হারাহারি কাত ৷৶৯ আঃ ৫০৲ খং ৪৬৪ তদুপরিস্থিত আম্রবৃক্ষ সমেত। ২নং লাট মৌজাদি ঐ ১-৭৭ শতকের মধ্যে অর্দ্ধাংশ হারাহারি কাত ২।/০ আঃ ৫০৲ খং ৫৫৭ ৩নং লাট থানা মৌজে হেমকানন ফতেউল্যাপুর ১৮ শতক মধ্যে ৯ শতকের কাত ।/১০ মধ্যে ৵১৫ আঃ ২৫৲ খং ৯৭ ৪নং লাট মৌজাদি ঐ ১৫ শতক মধ্যে ৭½ শতকের কাত ৷১০ মধ্যে ।৫ আঃ ২৫৲ খং ৯৭

---

## কৃষি, শিল্প ও স্বাস্থ্য প্রদর্শনী

**জঙ্গীপুর**

স্থান—ম্যাকেঞ্জি পার্ক, রঘুনাথগঞ্জ

তারিখ—৩১শে জানুয়ারী হইতে ৬ই ফেব্রুয়ারী পর্য্যন্ত

থিয়েটার, যাত্রা, কবিগান, বিচিত্রানুষ্ঠান, সার্কাস, ম্যাজিক প্রভৃতি প্রমোদানুষ্ঠান।

বিশেষ আকর্ষণ—**জঙ্গীপুর শ্রী, শিশু প্রদর্শনী ও পরিপূরক খাদ্য প্রতিযোগিতা।**

আধুনিক কৃষি ও শিল্প-সংক্রান্ত যন্ত্রপাতি এবং পণ্যদ্রব্যের বিরাট সমাবেশ, কৃষি, শিল্প ও স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন প্রতিযোগিতা হইবে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় কৃষি অফিস, ইউনিয়ন বোর্ড অফিস অথবা মহকুমা শাসক, জঙ্গীপুরের সহিত যোগাযোগ স্থাপন করুন।

---

## অপেরীণ




ডাক্তার বি. এন রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে [illegible] আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ ( কলকাতা ) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
**ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।**

---

# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ,
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—

শ্রীশরৎ পণ্ডিত ( দা' ঠাকুর )

সি. কে. সেনের আর একটি

## অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

## ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

### মরা মানুষ বাঁচাইবার উপায় ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত 'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ৸৵০ আনা।

সোল এজেণ্ট ঃ—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

বিশ্বস্ত প্রতিষ্ঠান

## চা-সংসদ

রকমারী সুগন্ধি দার্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।